



তারিখ: মে ০৯, ২০২২

স্মারক নং: ববি/রেজি/অবি/৮৮৭

অফিস বিজ্ঞপ্তি

সামার-২০২২ সেমিস্টারে চলমান শিক্ষার্থীদের রিটেক ও ইমপ্রভমেন্ট কোর্সের রেজিস্ট্রেশন এবং সেমিস্টার ফি প্রদান (ফার্মেসী ব্যতীত)

সংশ্লিষ্ট সকলের অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জানানো যাচ্ছে যে, সামার-২০২২ সেমিস্টারে চলমান শিক্ষার্থীদের রিটেক ও ইমপ্রভমেন্ট কোর্সের রেজিস্ট্রেশন এবং সেমিস্টার ফি প্রদানের সময়সীমা নিম্নরূপ নির্ধারণ করা হয়েছে:

- পে-স্লিপ সংগ্রহ ও সেমিস্টার ফি প্রদান: জুন ০৬, ২০২২ তারিখ থেকে স্টুডেন্ট প্যানেলে পে-স্লিপ পাওয়া যাবে এবং ব্যাংক (মার্কেটাইল/এনসিসি ব্যাংকের যেকোন শাখায়) অথবা মোবাইল ব্যাংকিং (রকেট/বিকাশ) এর মাধ্যমে সেমিস্টার ফি প্রদান করা যাবে। রকেটে নিজস্ব একাউন্ট থেকে টিউশন ফি জমা দিলে অতিরিক্ত কোন সার্ভিস চার্জ লাগবে না।
- জরিমানা ব্যতীত ১ম কিস্তির টাকা পরিশোধের শেষ সময়: জুন ১২, ২০২২
- জরিমানা ব্যতীত ২য় কিস্তির টাকা পরিশোধের শেষ সময়: আগস্ট ০৭, ২০২২
- চলমান শিক্ষার্থীদের রিটেক ও ইমপ্রভমেন্ট কোর্সের রেজিস্ট্রেশনের সময়সীমা: মে ১৬ হতে মে ২৫, ২০২২ তারিখ পর্যন্ত সকল সেমিস্টারের শিক্ষার্থী রিটেক ও ইমপ্রভমেন্ট কোর্সের রেজিস্ট্রেশন করতে পারবে। শিক্ষার্থীকে মে ২৫, ২০২২ তারিখের মধ্যে রিটেক ও ইমপ্রভমেন্ট কোর্সের রেজিস্ট্রেশন প্রক্রিয়া সম্পন্ন করার জন্য অনুরোধ করা হলো। যেসকল শিক্ষার্থীর সেমিস্টার ড্রপ/সেমিস্টার ফি বকেয়া আছে তাদেরকে মে ২৫, ২০২২ তারিখের মধ্যে প্রোগ্রাম অফিসে যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো। রেজিস্ট্রেশনের জন্য উপরোল্লিখিত সময় সীমা অতিক্রান্ত হলে রেজিস্ট্রেশন করার কোন সুযোগ থাকবে না। রেজিস্ট্রেশনের সঙ্গে ব্যাংকে টাকা প্রদানের কোন সম্পর্ক নেই।

বিলম্ব ফি (প্রতিদিন ৫০ টাকা): জুন ১২, ২০২২ তারিখের পরে ১ম কিস্তির টাকা এবং আগস্ট ০৭, ২০২২ তারিখের পরে ২য় কিস্তির টাকা জমা দিলে বিলম্ব ফি হিসেবে প্রতি দিনের জন্য ৫০ টাকা জরিমানা প্রযোজ্য হবে।

ক্লাস শুরু: মে ১৬, ২০২২ তারিখ (সোমবার)

কর্তৃপক্ষের নির্দেশক্রমে,

পারমিতা জামান

রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো:

১. মাননীয় উপাচার্য, উপ-উপাচার্য, নির্বাহী পরিচালক, পরিচালক (ইন্টারনাল অডিট), বরেন্দ্র বিশ্ববিদ্যালয়
২. সকল বিভাগ: বিভাগীয় প্রধান/কো-অর্ডিনেটর/শিক্ষক/প্রোগ্রাম অফিস, বরেন্দ্র বিশ্ববিদ্যালয়
৩. অফিস: সকল অফিস, বরেন্দ্র বিশ্ববিদ্যালয়
৪. অফিস কপি